

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৬১

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - গরীবদের ফযীলত ও নবী (সা.) -এর জীবন-যাপন

ٱلْفصلْ الثَّالِثُ \_ (بَابُ فَضل الْفُقَرَاءِ وَمَا كَانَ مِنْ عَيْشِ النَّبِيّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ)

### আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «حُبِّبَ إِلَيَّ الطِّيبُ وَالنِّسَاءُ وَجُعِلَتْ قُرَّةُ عَيْنِي فِي الصَّلَاةِ» . رَوَاهُ أَحْمَدُ وَالنَّسَائِيُّ. وَزَادَ ابْنُ الْجَوْزِيِّ بَعْدَ قَوْلِهِ: «حُبِّبَ إِليَّ» منَ الدُّنْيَا

اسناده حسن ، رواه احمد (3 / 199 ح 13088) و النسائي (7 / 61 ح 3391) ـ (حسن)

#### বাংলা

৫২৬১-[৩১] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: সুগন্ধি ও নারীকে আমার কাছে অতি প্রিয় করে দেয়া হয়েছে। আর আমার চোখের শীতলতা রাখা হয়েছে সালাতের মধ্যে। (আহমাদ ও নাসায়ী) আর ইবনুল জাওযী (مِنَ الدُّنْيَا) এর পরে (مِنَ الدُّنْيَا) এ শব্দটি অতিরিক্ত বর্ণনা করেছেন।

## ফুটনোট

হাসান সহীহ: নাসায়ী ৩৯৩৯, আর রওযুন নাযীর ৫৩, সহীহুল জামি' ৩১২৪, সিলসিলাতুস সহীহাহ্ ৬৫৮, মুসনাদে আহমাদ ১২৩১৫, মুসান্নাফ আবদুর রাযযাক ৭৯৩৯, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৮৮৮৭, আল মু'জামুল কাবীর লিত তবারানী ১৭৩৮৮, আল মু'জামুস সগীর লিত্ব ত্ববারানী ৭৪১, আল মু'জামুল আওসাত্ব ৫২০৩, আল মুসতাদরাক লিল হাকিম ২৫৭৬, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৩৮৩৬।

#### ব্যাখ্যা



ব্যাখ্যা: অত্র হাদীসে যে তিনটি বস্তুর কথা বলা হয়েছে তার দুটি বিষয় পূর্বের হাদীসে বর্ণিত হয়েছে এবং তার ব্যাখ্যাও অতিবাহিত হয়েছে। এ হাদীসে বর্ণিত ভিন্ন তৃতীয় বস্তুটি হলো সালাত বা নামায যা চোখের শীতলতা বা প্রশান্তি বলে উল্লেখ করা হয়েছে।

ज्ञान्नामार् मूल्ला আলী আল কারী (রহিমাহুল্লাহ) বলেন, হাদীসে (فِعْلُ مَجْهُول) বা ক্রিয়াগুলো(فِعْلُ مَجْهُول) বা কর্মবাচ্যে ব্যবহার করা হয়েছে, এজন্য বিষয়টি প্রকৃতি ও স্বভাবগত নয়, বরং এগুলো তাকে বাধ্য করে তার বান্দাদের প্রতি দয়া ও অনুগ্রহ হিসেবে প্রিয় করে দেয়া হয়েছে। অবশ্য সলাত এর ব্যতিক্রম, কেননা স্বভাবগতভাবেই রাসূলুল্লাহ (সা.) তা পছন্দ করতেন। যেমন তিনি বিলালকে নির্দেশ করতেন: হে বিলাল! তুমি আমাকে সলাতের মাধ্যমে (অন্য সবকিছু থেকে) প্রশান্তি দাও, অর্থাৎ তুমি সলাতের জন্য আযান দাও। (মিরক্রাতুল মাফাতীহ; আল কাশেফ ১০ম খণ্ড, ৩৩২০ পৃ.)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন